Series JSR

SET-4

Code No. **7**

Roll No. | | | | | | | |

Candidates must write the Code on the title page of the answer-book.

- Please check that this question paper contains **15** printed pages.
- Code number given on the right hand side of the question paper should be written on the title page of the answer-book by the candidate.
- Please check that this question paper contains **18** questions.
- **Please write down the Serial Number of the question before attempting it.**
- 15 minute time has been allotted to read this question paper. The question paper will be distributed at 10.15 a.m. From 10.15 a.m. to 10.30 a.m., the students will read the question paper only and will not write any answer on the answer-book during this period.

# SUMMATIVE ASSESSMENT - II

# বাংলা

# BENGALI

*সময় : 3 ঘণ্টা* | *সর্বমোট অংক : 90*

*Time allowed : 3 hours* | *Maximum Marks : 90*

The question paper is divided into four sections.

SECTION A : Reading (Comprehension)

SECTION B : Writing (Composition)

SECTION C : Grammar

SECTION D : Literature (Text Books & Supplementary Reader)

**SECTION - A**

**বোধ পরীক্ষণ**

**Reading (Comprehension)**

**1.** নীচের অনুচ্ছেদটি পড়ে সঙ্গে দেওয়া প্রশ্নগুলির উত্তর দাও। উত্তরের জন্য তিনটি বিকল্প বাক্য দেওয়া আছে সঠিক উত্তরটি তা থেকে বেছে লিখতে হবে। **2+2+1=5**

একই পরিমাণ চাল সিদ্ধ করলে দেখা যাবে, নতুন চালের চেয়ে পুরানো চালে ভাতের পরিমাণ বেশি হচ্ছে। আমাদের প্রতিদিনের অভিজ্ঞতা থেকেই একথা আমরা জানতে পারি। এ জন্যই লোকের মুখে মুখে চলে এসেছে কথাটি। কী?-না, ''পুরানো চাল ভাতে বাড়ে।'' আসলে ব্যবহারিক জীবনের থেকে তুলে নেওয়া এ বাক্যটি একটি প্রবাদ আর এ প্রবাদের দ্বারা বলতে চাওয়া হয়েছে যে, প্রবীন বা বয়স্ক মানুষদের অভিজ্ঞতা বেশি; তাই তাঁরা যা বলেন তাঁর মূল্যও অনেক বেশি। তাঁদের এই অভিজ্ঞতাকে সম্মান দেওয়া আমাদের কর্তব্য। এই শিক্ষাই এই প্রবাদে দেওয়া হয়েছে।

(ক) নতুন চালের চেয়ে পুরানো চালে ভাতের পরিমাণ বেশি হচ্ছে-একথা কীভাবে বোঝা যাবে?

(i) একই পরিমাণ চাল হাতে নিয়ে দেখলে

(ii) একই পরিমাণ চাল ভিজিয়ে রাখলে

(iii) একই পরিমাণ চাল সিদ্ধ করলে

(খ) ''পুরানো চাল ভাতে বাড়ে''-এই প্রবাদের দ্বারা কী বলতে চাওয়া হয়েছে?

(i) প্রবীন বা বয়স্ক মানুষের অভিজ্ঞতা বেশি; তাই তাঁরা যা বলেন তার মূল্যও অনেক বেশি।

(ii) প্রবীন বা বয়স্ক মানুষেরা যা বলেন তার মূল্য কম কারণ তাঁদের অভিজ্ঞতা কম।

(iii) নবীন বা অল্পবয়স্ক মানুষের অভিজ্ঞতা বেশি; তাই তাঁরা যা বলেন তার মূল্যও বেশি।

(গ) ‘‘পুরানো চাল ভাতে বাড়ে’’-বাক্যটিকে জটিল বাক্যে পরিণত করলে হবে-

(i) পুরনো চাল বলেই ভাতে বাড়ে।

(ii) পুরনো চাল; তাই ভাতে বাড়ে।

(iii) যে চাল পুরনো তা ভাতে বাড়ে।

**2.** নীচের অনুচ্ছেদটি পড়ে সঙ্গে দেওয়া প্রশ্নগুলি দেখ। প্রতিটি প্রশ্নের জন্য তিনটি করে উত্তর দেওয়া আছে। সঠিক উত্তরটি খুঁজে লেখ। **2+2+1=5**

দিদির স্নেহে আমার মাতৃস্নেহের অভাব অনেকটা পূরণ হয়েছিল। আমার যখন যা সাধ হত তাঁকে ধরলেই পেতুম। একবার জানালাম, রোজ সন্ধ্যেবেলা একটি করে বেলফুলের মালা পেলে মন ভারি খুশি হয় আমার। অম্‌নি বাজার থেকে সেটা নিয়মমত আসার বন্দোবস্ত করে দিলেন দিদি। ষোল বছর বয়সে আমাদের পিশেমশায়ের ভ্রাতুষ্পুত্র ফণিভূষণ মুখোপাধ্যায়ের সঙ্গে দিদির বিয়ে হয়ে গেল। ফণিভূষণ স্কলারশিপ নিয়ে বিলেত যান। সেখান থেকে ফিরে প্রেসিডেন্সী কলেজে বোটানির অধ্যাপক হন। পরে রাজশাহী ও হুগলী কলেজে বদলি হন।

(ক) লেখিকা দিদির কাছে কী চেয়েছিলেন?

(i) বিলেত যেতে চেয়েছিলেন

(ii) রোজ সন্ধ্যায় একটি করে বেলফুলের মালা চেয়েছিলেন

(iii) রোজ সন্ধ্যাবেলায় একটি করে জুঁইফুলের মালা চেয়েছিলেন

(খ) ফণিভূষণ প্রেসিডেন্সী কলেজে কোন বিষয়টি পড়াতেন?

(i) ফিলোজফি

(ii) বোটানি

(iii) জুয়োলজি

(গ) 'মাতৃস্নেহ'-শব্দে কোন্ সমাস দেখতে পাও?

(i) তৎপুরুষ

(ii) দ্বন্দ্ব

(iii) কর্মধারয়

**3.** নীচের অনুচ্ছেদটি পড়ে সঙ্গে দেওয়া প্রশ্নগুলির উত্তর দাও। **2+2+1=5**

এতখানি বয়স হল আমার। নড়বড়ে নিঃসঙ্গ বৃদ্ধ। এখনও বিমলের মায়ের কথা মনে পড়লে চোখে জল আসে। বিমলের মায়ের রান্না! কী অসাধারণ! রান্নাঘরটা যেন ঠাকুরঘর! নিখুঁতভাবে সাজানো। ঝকঝকে সব কৌটো। ধনে, জিরে, পাঁচফোড়ন, সুজি, চিনি, ময়দা, আটা, পোস্ত, সবরকমের ডাল, কালোজিরে, ছোট্ট হিং-এর কৌটো। তেল। সব বাড়ির মতই তার রান্নাঘরেও কয়লার উনুন । ভাত ফুটত মাটির হাঁড়িতে; সিঁদুরে লাল রং- মুখে লাল রঙেরই সরা।

(ক) এখনও বিমলের মায়ের কথা মনে পড়লে ঠিক কী হয়?

(i) চোখে জল আসে

(ii) কান্না পায়

(iii) চোখ ভিজে আসে

(খ) বিমলের মায়ের ভাত রান্নার হাঁড়িটা কীসের তৈরী?

(i) সিদুঁর

(ii) কয়লা

(iii) মাটি

(গ) 'নিঃসঙ্গ' কথাটির অর্থ হল-

(i) যে সঙ্গীহীন

(ii) যে সঙ্গী ছাড়া থাকে না

(iii) যার সঙ্গ সবাই চায়

**4.** নীচের অনুচ্ছেদ পড়ে তিনটি প্রশ্নের উত্তর দাও। উত্তরগুলি প্রশ্নের সঙ্গেই দেওয়া আছে। সঠিক উত্তরটি বেছে লেখ। **2+2+1=5**

রাজ্য বশ করতে পারলেই রাজা, যুদ্ধ জয় করতে পারলেই বীর যোদ্ধা। কত সম্মান! আরে ধুর! ওর চেয়ে বড় একজন আছে। সে কে? যে নিজের দুর্জয় মনকে জয় করতে পেরেছে, সে। ওসব রাজা, মহারাজা, বীর যোদ্ধা, সব তুচ্ছ তার কাছে- যে 'দিল কা সম্পদ' এর সন্ধান পেয়েছে। এই সম্পদ কোন সম্পদ? টাকা, বাড়ি, গাড়ি, খেতাব- এসব নয়। সম্পদ হল জ্ঞান, প্রেম। আমার সে সম্পদ আমার ভেতরে মজুদ- তা কখনও হারাবে না। ও সম্পদ একবার লাভ করলে মানুষ তার স্বার্থটাকে আর খুঁজে পায়না। 'আমি' বা 'আমার' বলতে লজ্জা পায়।

(ক) রাজা কিংবা যোদ্ধার চেয়ে বড় 'একজন' আছে, সে কে?

(i) সন্যাসী, যে বিষয় সম্পত্তিকে তুচ্ছ করেছে

(ii) যে নিজের দুর্জয় মনকে জয় করতে পেরেছে, সে

(iii) যে টাকা, বাড়ি, গাড়ি, খেতাব পেয়েছে, সে

(খ) সম্পদ কী?

(i) সম্পদ হল বাড়ি, গাড়ি, টাকা

(ii) সম্পদ নিজের কাজ

(iii) সম্পদ হল জ্ঞান আর প্রেম

(গ) 'দুর্জয়' শব্দটির সন্ধিবিচ্ছেদ করলে হবে-

(i) দুঃ + জয়

(ii) দুর্ + জয়

(iii) দ্যূত + জয়

## SECTION - B

## নির্মিতি (রচনা)

### Writing (Composition)

**5.** তোমাদের স্কুলে দশম শ্রেনীর সব ক'টি বিভাগের জন্য আগামী সোমবার একটি রচনা-প্রতিযোগিতা হবে। রচনার বিষয়টি প্রতিযোগিতার সময়েই ঘোষণা করা হবে। স্কুলের সাহিত্য-সম্পাদক হিসাবে স্কুলের নোটিস-বোর্ডের জন্য একটি নোটিস (বিজ্ঞপ্তি) লেখ। **5**

**অথবা**

তোমাদের এলাকায় প্রতিবেশী ছাত্রছাত্রীদের সহযোগিতায় তোমরা একটি গ্রন্থাগার (লাইব্রেরী) খুলতে চলেছ। এলাকার বাসিন্দাদের কাছে বই অনুদান দেওয়ার আবেদন জানিয়ে একটি বিজ্ঞপ্তি লেখ।

**6.** বিশেষ গুরুত্ব দেওয়া হয়- এমন কিছু ব্যক্তির (ভি.আই.পি) যাতায়াতের সুবিধা করে দেওয়ার জন্য রাস্তা বন্ধ। অসুস্থ রোগী হাসপাতালে পৌছঁতে পারলেন না। ঘটনাটির প্রতি পাঠকের দৃষ্টি আকর্ষণ করে সংবাদপত্রের জন্য একটি প্রতিবেদন লেখ। **5**

**অথবা**

ছোট শিশুদের শিশু-শ্রমিক হিসাবে কাজে নিযুক্ত করার বিরুদ্ধে একটি প্রতিবেদন লেখ।

## SECTION - C

## ব্যাকরণ

## Grammar

**7.** নীচের প্রতিটি প্রশ্নে একই শব্দের তিনটি করে বানান দেওয়া আছে। সঠিক বানানটি বেছে লেখ। **1x5=5**

(ক) দিতীয়/দ্বিতীয়/দ্বীতিয়

(খ) শুরু/সুরু/শুরূ

(গ) দষম/দশম/দসম

(ঘ) শারিরিক/শারিরীক/শারীরিক

(ঙ) নিশীথ/নীশীথ/নীশিথ

**8.** বিসর্গ সন্ধি সম্পর্কিত নীচের প্রতিটি প্রশ্নের জন্য তিনটি করে উত্তর দেওয়া আছে। সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখ। **1x5=5**

(ক) 'প্রাতঃ + রাশ' সন্ধি করলে হয়-

(i) প্রাতঃরাশ

(ii) প্রাতরাশ

(iii) প্রাঃতরাশ

(খ) 'নীরব' সন্ধিবিচ্ছেদ করলে হয়-

(i) নিঃ + রব

(ii) নীঃ + রব

(iii) নিরঃ + ব

(গ) ‘পুনরাগমন’ সন্ধিবিচ্ছেদ করলে হবে-

(i) পুনরঃ + আগমন

(ii) পুঃ + আগমন

(iii) পুনঃ + আগমন

(ঘ) ‘নিঃ + আনন্দ’ সন্ধিযুক্ত করলে দাঁড়ায়-

(i) নিরানান্দ

(ii) নিরনন্দ

(iii) নিরানন্দ

(ঙ) ‘মনঃ + কাম’ সন্ধি করলে হয়-

(i) মনোকাম

(ii) মনঃকাম

(iii) মনস্কাম

**9.** বাক্যের রূপান্তরসাধন সম্পর্কিত নিম্নলিখিত প্রশ্নগুলির প্রতিটির সঙ্গে তিনটি করে বিকল্প-উত্তর দেওয়া আছে। সঠিক উত্তরটি বেছে লেখ। **1x5=5**

(ক) ‘পড়াশুনো না করেও রুমকি পাশ করে গেল’-এই বাক্যটির জটিল রূপ হবে-

(i) রুমকি পড়াশুনো করল না, কিন্তু পাশ করে গেল।

(ii) যদিও রুমকি পড়াশুনো করে নি তবুও সে পাশ করে গেল।

(iii) রুমকি পড়েনি, তবুও পাশ করে গেল।

(খ) 'বাবাও কাঁদে', মেয়েও কাঁদে- এই বাক্যের সরল রূপটি হবে-

(i) বাবা যখনই কাঁদে, মেয়েও কাঁদে

(ii) বাবা কাঁদে এবং মেয়ে কাঁদে

(iii) বাবার সঙ্গে মেয়েও কাঁদে।

(গ) 'আমি দোষ করে ক্ষমা চাইছি'-বাক্যটির যৌগিক রূপ হবে-

(i) আমি দোষ করেছি; ক্ষমা চাইছি।

(ii) আমি যখন দোষ করেছি তখন ক্ষমা চাইছি।

(iii) আমি যে দোষ করেছি, তার জন্য ক্ষমা চাইছি।

(ঘ) 'পরিশ্রম কর' জীবনে উন্নতি হবে-বাক্যটিকে সরল বাক্যে লিখলে হবে-

(i) পরিশ্রম করলে জীবনে উন্নতি হবে।

(ii) যদি পরিশ্রম কর তাহলে জীবনে উন্নতি হবে।

(iii) পরিশ্রম কর; তাহলে জীবনে উন্নতি হবে।

(ঙ) 'আমি বাড়ি গিয়ে পড়াশুনো করব'- বাক্যটি জটিল বাক্যে লিখলে হবে-

(i) আমি বাড়ি যাব এবং পড়াশুনো করব।

(ii) আমি বাড়ি যাব, তবেই পড়াশুনো করব।

(iii) আমি যখন বাড়ি যাব তখন পড়াশুনো করব।

10. নীচের প্রশ্নগুলিতে 'একই শব্দের ভিন্নার্থক প্রয়োগ' দেওয়া হয়েছে। প্রশ্নগুলির সঙ্গে দেওয়া তিনটি করে উত্তরের থেকে বেছে নিয়ে সঠিক উত্তরটি লেখ। **1x5=5**

(ক) 'পাকা' শব্দটি কোথায় 'দক্ষ' হিসাবে ব্যবহার করা হয়েছে?

(i) আমটি বেশ পাকা।

(ii) পূরবীর অঙ্কের মাথাটি বেশ পাকা।

(iii) দাদুর মাথায় একরাশ পাকা চুল।

(খ) 'মন' শব্দটি কোথায় 'সন্তুষ্ট হওয়া' অর্থে ব্যবহৃত হয়েছে?

(i) মন দিয়ে পড়াশুনো কর।

(ii) মনে করে তুমি আজ কাজটা ক'রো কিন্তু।

(iii) কথাটা ওর বেশ মনে ধরেছে।

(গ) 'মাথা' শব্দটির দ্বারা কোন্ বাক্যে শরীরের অংশকে বোঝানো হয়েছে?

(i) অঙ্কে ওর একেবারেই মাথা নেই।

(ii) মা এলে আমি তাকে মাথায় করে রাখব।

(iii) মাথায় ভালো করে তেল দাও তো!

(ঘ) ‘কড়া’ শব্দটি কোথায় ‘অপ্রিয়’ অর্থে ব্যবহৃত হয়েছে?

(i) কড়া কথা বললে চলে যাব কিন্তু!

(ii) আজকের চা-টা খুব কড়া হয়েছে।

(iii) বাইক চালাতে চালাতে হাতে কড়া পড়ে গেছে।

(ঙ) ‘কথা দিয়ে কথা না রাখতে পারা ভাল নয়’-এই বাক্যে ‘কথা’ শব্দের অর্থ-

(i) বাক্‌যন্ত্রের সাহায্যে ধ্বনির উচ্চারণ

(ii) প্রতিশ্রুতি

(iii) প্রবাদ

## SECTION - D

## সাহিত্য

### Literature (Text Books & Supplementary Reader)

**11.** সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখ : **5**

‘ত্রিভুবন এই মহাস্ত্রে গ্রথিত।’

**অথবা**

‘এখানে যেন তাঁহার স্বজাতি দোসর কেহ ছিল না।’

**12.** ‘কোনো মহাশিল্পী যেন সমগ্র বিশ্বের স্ফটিকখানি নিঃশেষ করিয়া এই বিশাল ক্ষেত্রের সংক্ষুব্ধ সমুদ্রের মূর্তি রচনা করিয়া গিয়াছেন।’ **1+2+2=5**

(i) লেখক কে?

(ii) কোন্ দৃশ্য দেখে লেখকের এমনটা মনে হয়েছে তা লেখ ?

(iii) ‘মহাশিল্পী’ আর ‘সংক্ষুব্ধ সমুদ্রের মূর্তি’ কথা দুটি বুঝিয়ে লেখ।

**অথবা**

'কিন্তু ধারাবাহিকভাবে সেগুলি সংগ্রহের জন্য কোনো চেষ্টা হচ্ছে কি?'

(i) কথাটি কার লেখা?

(ii) কোন্‌গুলি সংগ্রহের কথা বলা হয়েছে? কেন?

(iii) সে চেষ্টা কীভাবে করা সম্ভব?

13. 'কিন্তু একটা বিষয়ে রাখালের সহিত তাহার জীবনচরিত-লেখকের সাদৃশ্য ছিল না।' **1+2+2=5**

(i) রাখালের কথা কোথায় পাওয়া যায়?

(ii) রাখালের সাথে তার জীবনচরিত-লেখকের কোন্‌-কোন্‌ বিষয়ে সাদৃশ্য ছিল?

(iii) রাখালের সঙ্গে তার জীবনচরিত-লেখকের কোন্‌-কোন্‌ বিষয়ে সাদৃশ্য ছিল না?

**অথবা**

''মহাদেবের জটা হইতে।''

(i) কে, কাকে বলেছে?

(ii) লেখক বক্তার কাছে কী জানতে চেয়েছিলেন?

(iii) লেখক এই 'জটা' কে কীভাবে প্রত্যক্ষ করেছিলেন লেখ।

14. সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখ : **5**

'ভাবিলাম মনে, বুঝি এতখনে আমারে চিনিল মাতা!'

**অথবা**

'ক'দিনের এই দেখা        সাগর সৈকতে রেখা

নূতন তরঙ্গে মুছে যায়!'

15. ''হেন সহবাসে 1+2+2=5

হে পিতৃব্য, বর্বরতা কেন না শিখিবে?''

(i) উক্তিটি কার ?

(ii) কার লেখা, কোন্ কাব্যাংশ থেকে নেওয়া হয়েছে এ উক্তি?

(iii) বক্তা কাকে এবং কেন একথা বললেন?

**অথবা**

''ব্যক্তি' ডুবে যায় 'দলে' মালিকা পরিলে গলে

প্রতি ফুলে কে-বা মনে রাখে?'

(i) কোন্ কবিতার অংশ?

(ii) এক্ষেত্রে 'ব্যক্তি' এবং 'দল' বলতে কী বোঝানো হয়েছে?

(iii) কবির বক্তব্য এখানে কী, তা সংক্ষেপে লেখ।

16. 'শুধু বিঘে দুই ছিল মোর ভুঁই, আর সবি গেছে ঋণে'। 1+2+2=5

(i) কোন্ কবিতার অংশ?

(ii) বক্তার সে দুই বিঘা ভুঁই-এর কী হয়েছিল?

(iii) সেখানে ফিরে যাওয়ার পরই বা কী ঘটেছিল লেখ।

**অথবা**

'সচকিতে বীরবর দেখিলা সম্মুখে....'

(i) এ 'বীরবর' কে?

(ii) তিনি সম্মুখে কাকে, কীরকম দেখলেন?

(iii) তাঁকে 'বীরবর' কী বললেন?

17. 'ক্রমে ধ্যানভঙ্গে মহর্ষির দুটি চোখ সকাল বেলায় পদ্মের পাপড়ির মতো ধীরে- ধীরে খুলে গেল।' **1+2+2=5**

(i) মহর্ষির নাম কী?

(ii) মহর্ষি চোখ দুটি খোলার পর তিনি কী করলেন?

(iii) বাপ্পাদিত্যকে তিনি কেন এবং কী কী উপহার দিলেন?

**অথবা**

''দেখ দেখি, মালদেব চিতোর থেকে কেমন সুন্দর নারকেলটি পাঠিয়েছেন! এটা আজ দেওয়ালী পূজোর কাজে লাগবে''।

(i) কে বলেছেন?

(ii) মালদেব কেন চিতোর থেকে নারকেলটি পাঠিয়েছিলেন?

(iii) চিতোরে যাওয়ার পর কীভাবে হাম্বিরের অভ্যর্থনা হল লেখ।

**18.** 'সেই বটতলায় কমলরাণীকে বসিয়ে রেখে হাম্বির অন্ধকারে দুই হাত বাড়িয়ে সুড়ঙ্গের ভিতর নেমে চললেন।' **1+2+2=5**

(i) কেন হাম্বির সুড়ঙ্গের ভিতর নেমে চললেন?

(ii) সুড়ঙ্গের ভিতরটা কেমন ছিল?

(iii) পাথরের দেওয়াল ফাঁক হয়ে সরে যেতে হাম্বির কী দেখলেন?

**অথবা**

''আমি একদিন রাজকুমারী ছিলাম বটে, আজ ভিখারিনী।''

(i) ভিখারিনীর পরিচয় কী?

(ii) তিনি কীভাবে বাপ্পাদিত্যকে চিনতেন?

(iii) এরপর বাপ্পাদিত্য ভিখারিনীর প্রতি কীরকম ব্যবহার করেছিলেন?